# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.১২৩ তারিখ: ২৭ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ১ম পর্বের প্রাতিষ্ঠানিক ভর্তি কার্যক্রম ১৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. হতে ১৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। তালিকায় উল্লিখিত শিক্ষার্থীদের সকল তথ্যাদি সঠিকভাবে মিলিয়ে জমা নিতে হবে। কোন প্রকার অসংগতি পেলে তা সংশোধন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট সকলকে ভর্তির সময় নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**উল্লেখ্য যে, ১৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. রোজ সোমবার ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরু হবে।**

০১. **ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় সাধারণ নির্দেশাবলী:**

১.১ ভর্তি ফরম (সংযুক্তি-১)শিক্ষার্থী কর্তৃক স্ব-হস্তে পূরণ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা রাখতে হবে;

১.২ ভর্তির সময় শিক্ষার্থীদের মূল নম্বরপত্র অবশ্যই জমা নিতে হবে এবং প্রয়োজনবোধে রেজিস্ট্রেশনের সময় মূল নম্বরপত্র কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে;

১.৩ শিক্ষার্থীদের পাসপোর্ট সাইজের (০৩) কপি সত্যায়িত রঙ্গিন ছবি জমা ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদেয় প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি জমা নিতে হবে;

১.৪ ক) নিজের মোবাইল নম্বর: খ) বাবা/মা/ অভিভাবক এর মোবাইল নম্বর:

১.৫ বাবা এবং মা এর এনআইডি কার্ডের সত্যায়িত কপি

১.৬ শিক্ষার্থীর জন্ম সনদের সত্যায়িত কপি

১.৭ কোটায় ভর্তির ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়টি শতভাগ নিশ্চিত হয়ে শিক্ষার্থী ভর্তি করতে হবে। কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল সনদের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি, পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা -১২০৭, বরাবর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় মূল সনদ কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে। সনদ মিথ্যা প্রমাণিত হলে উক্ত শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

০২. **ভর্তির ক্ষেত্রে কোটা যাচাই সংক্রান্ত নির্দেশাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):**

২.১ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র;

২.২ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে;

২.৩ বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র/পরিচয়পত্র জমা দিতে হবে।

০৩. **ভর্তি ফি:** শিক্ষার্থী প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং-শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫; তারিখ-০৬ জুলাই ২০১৪ মোতাবেক শিক্ষার্থী প্রতি মোট ভর্তি ফি রশিদের মাধ্যমে আদায় করতে হবে। উল্লেখ্য যে, ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে শিক্ষার্থীদের নিশ্চায়নকালে শিক্ষার্থী প্রতি ৩৯৫ টাকা গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে রেজিস্ট্রেশন ফি ২০০ টাকা (বোর্ডের প্রাপ্য) রোভার স্কাউট ফি ১৫ টাকা ও রেডক্রিসেন্ট ফি ২০ টাকাসহ মোট ৩৫ টাকা (সংশ্লিষ্ট সংস্থা প্রাপ্য), অনলাইন পেমেন্ট ফি ৫ টাকা। অবশিষ্ট ১৫৫ টাকা (ম্যাগাজিন ফি ২৫ টাকা, ধর্মীয় তহবিল ২৫ টাকা, বেতন ৬০ টাকা, ভর্তি ফি ১০ টাকা, কল্যান তহবিল ২০ টাকা ও রোভার স্কাউট ফি ১৫ টাকা) বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে বিধায় বর্ণিত ফি পুনরায় গ্রহণ করার প্রয়োজন নেই। বিষয়টি ভর্তি নীতিমালা, ২০২৫ এ ১০.১.১ এ বিস্তারিত রয়েছে।

০৪. **প্রতিষ্ঠানের শূণ্য আসনে ভর্তি বিষয়ক তথ্য:** ক) ৩য় পর্যায় পর্যন্ত নিশ্চায়ন করতে না পারা এবং অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীদের ২৪/০৯/২০২৫ (বুধবার) হতে ২৫/০৯/২০২৫ (বৃহস্পতিবার) পর্যন্ত তারিখের মধ্যে ইউজার লগইন করে পছন্দক্রম পরিবর্তন করা যাবে।

খ) অপেক্ষমান তালিকা হতে শূন্য আসনের প্রেক্ষিতে ৪র্থ পর্যায়ের ফলাফল প্রকাশ: **২৬/০৯/২০২৫, শুক্রবার**

গ) ৪র্থ পর্যায়ের ভর্তি নিশ্চায়ন: **২৬/০৯/২০২৫ (শুক্রবার)** হতে **২৭/০৯/২০২৫** (শনিবার)

ঘ) ৪র্থ পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ: **২৮/০৯/২০২৫,** রবিবার

ঙ) ৪র্থ পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের প্রতিষ্ঠানে স্ব-শরীরে ভর্তি: **২৯/০৯/২০২৫, সোমবার**

**০৫. শিক্ষার্থীর তথ্যঃ** ১২/০৯/২০২৫, শুক্রবার সন্ধ্যা ৬.০০ ঘটিকার পর ১ম ও ২য় পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের তালিকা www.btebadmission.gov.bd ওয়েবসাইটে Confirmed list download লিংকের মাধ্যমে ডাউনলোড করা যাবে এবং ৩য় পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের তালিকাসহ চুড়ান্ত তালিকা **১৪/০৯/২০২৫** রবিবার সন্ধ্যা ৬.০০ ঘটিকা ডাউনলোড করা যাবে।

উল্লিখিত সময়ের মধ্যে প্রাতিষ্ঠানিক ভর্তি কার্যক্রম সম্পূর্ণ করতে ব্যর্থ শিক্ষার্থীর নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর অনুপস্থিত তালিকা ভর্তির www.btebadmission.gov.bd ওয়েবসাইটে Confirmed list download লিংকের মাধ্যমে ২২/০৯/২০২৫খ্রি. হতে ২৩/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। অনুপস্থিত তালিকা প্রেরণের পূর্বে শিক্ষার্থীর প্রদেয় মোবাইল নম্বরে যোগাযোগ করে ভর্তির বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হল। অনুপস্থিত তালিকা যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ করতে হবে, অন্যথায় যেকোন ভুলের কারনে শিক্ষার্থী ভর্তি বাতিল হলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**সংযুক্তি:** ভর্তি ফরম-০১ (এক) পৃষ্ঠা।

১১.০৯.২০২৫

(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক কারিকুলাম
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০০৬৫২৩ (অফিস)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.১২৩(০৬)

তারিখ: ২৬ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
০৩। অধ্যক্ষ, ..........................................................।
০৪। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬। নথি।

১১.০৯.২০২৫

(প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০ (অফিস)

শিক্ষা প্রতিষ্ঠানের
সীলমোহর

ক্রমিক নং
তারিখ:

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ১ম পর্বে শিক্ষার্থীদের
## ভর্তি ফরম

পাসপোর্ট আকারের
এক কপি ছবি
(আঠা দিয়ে লাগাতে হবে)

**শিক্ষাক্রমের নাম: ডিপ্লোমা ইন ...........................................**
(বোর্ডের সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে)

১. *প্রার্থীর পূর্ণনাম:* (স্পষ্টাক্ষরে) বাংলায় ............................................ মোবাইল নম্বর..............................................

ইংরেজিতে (বড় হাতের অক্ষরে)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

২. *পিতার নাম:* বাংলায় ............................................ মোবাইল নম্বর..............................................

ইংরেজিতে (বড় হাতের অক্ষরে)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৩. *মাতার নাম:* বাংলায় ............................................

ইংরেজিতে (বড় হাতের অক্ষরে)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৪. *অভিভাবকের নাম: (পিতার অবর্তমানে)* ..........................................*সার্বক্ষণিক যোগাযোগের জন্য মোবাইল:*

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০ | ১ | | | | | | | | | |

৫. *বর্তমান ঠিকানা:* ..........................................................................................

..........................................................................................শিক্ষার্থীর মোবাইল নম্বর: ..........................................

৬. *স্থায়ী ঠিকানা:* ..........................................................................................

..........................................................................................

৭. *জাতীয়তা:* ..........................................*জন্ম তারিখ:* (এস.এস. সি সনদপত্র অনুসারে) *ধর্ম:* ..........................................

| দিন | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

৮. *যে প্রতিষ্ঠান হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার নাম ও ঠিকানা:* ..........................................................................................

..........................................................................................

৯. *জমাকৃত ডকুমেন্টসঃ* ক) এসএসসি/সমমান পরীক্ষায় মূলনম্বরপত্র খ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক দেয় প্রশংসাপত্র-এর ফটোকপি গ) পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি-৩ কপি ঘ) পিতা এবং মাতার এনআইডি কার্ডের সত্যায়িত কপি ঙ) কোটায় ভর্তিকৃতদের কোটা সনদের কপি।

১০. *আবেদনকারীর অঙ্গীকারনামা :*

এ মর্মে অঙ্গীকার করছি যে, আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যাবতীয় আইন-কানুন মেনে চলব এবং কোন অবস্থাতেই অত্র শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং রাষ্ট্রীয় আইনের পরিপন্থি কোন কাজে লিপ্ত হব না। ক্লাশে হাজিরা ৮০% এর কম হওয়ার কারণে বোর্ড সমাপনী পরীক্ষায় সুযোগ না পেলে এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি করবো না।

-------------------------------------------------------- পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

---------------------------------------- শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

১১. *শিক্ষার্থীর এসএসএসসি/সমমান পরীক্ষার তথ্যাদিঃ* রোল নং............................... রেজি নং.................................. সেশন.........................

পাসের সন...............................প্রাপ্ত জিপিএ........................... বোর্ড......................................

১২. *টেকনোলজির নাম:* ..........................................শিফ্ট.......................... ১ম পর্বে ভর্তির অনুমতি দেয়া হলো।

উপাধ্যক্ষ

অধ্যক্ষ